



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন  
জনসংযোগ ইউনিট, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা  
ফোন : ৯৫৬০৫৭৪, ই-মেইল : [pro@bhbf.gov.bd](mailto:pro@bhbf.gov.bd)

## প্রেস বিজ্ঞপ্তি

### রিহ্যাবের সাথে বিএইচবিএফসি'র দ্বি-পাক্ষিক আলোচনা সভা অনুষ্ঠিত



১৭-০৭-২০১৭ খ্রি. তারিখে রাজধানীস্থ হোটেল সোনারগাঁও এ বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) ও রিয়েল স্টেট এন্ড হাউজিং এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব) এর মধ্যে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় আবাসন খাতের উন্নয়নকল্পে নীতি নির্ধারণে বিস্তার আলোচনা হয়। বিদ্যমান সংকট উত্তোরণের উপায়, প্রচলিত অনিয়ম প্রতিরোধ, অনিবন্ধিত ডেভেলপারদের নিয়ন্ত্রণ এবং উন্নত প্রযুক্তিতে গৃহ নির্মাণ ও গ্রামীণ আবাসন প্রকল্প দ্রুত সম্প্রসারণসহ নানাবিধ বিষয়ে আলোচনার মাধ্যমে দুপক্ষ ঐক্যমতে উপনীত হয়।

এ আলোচনা সভায় বিএইচবিএফসি'র পক্ষে ব্যবস্থাপনা পরিচালক দেবার্শীষ চক্রবর্তী, মহাব্যবস্থাপক ড. দৌলতুল্লাহার খানম, মোঃ আমিন উদ্দিন ও মোঃ জাহিদুল হকসহ বিভিন্ন বিভাগের উপ-মহাব্যবস্থাপকবৃন্দ উপস্থিত ছিলেন। রিহ্যাবের পক্ষে প্রতিষ্ঠানের সভাপতি আলমগীর শামসুল আলামিন ও সিনিয়র সহ-সভাপতি নুরুন নবী চৌধুরী, এমপিসহ অন্যান্য কর্মকর্তবৃন্দ উপস্থিত ছিলেন।